



bdlive24.com  
News | Views | Entertainment



## বিজিএমইএ ইউনিভার্সিটিতে ‘উইন্ডো ডিসপ্লে-২০১৬’ অনুষ্ঠিত

বুধবার ফেব্রুয়ারি ১০, ২০১৬, ০৫:৪৫ পিএম.



**বিডিলাইভ রিপোর্ট:** বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজির শিক্ষার্থীদের নিজস্ব ডিজাইন নিয়ে আয়োজিত হয় ‘উইন্ডো ডিসপ্লে-২০১৬’ শীর্ষক ফ্যাশন ডিজাইন প্রদর্শনী। গতকাল বিকাল তিনটায় ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের দুইদিন ব্যাপী এই প্রদর্শনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও অনুষ্ঠানের প্রধান অতিথি মো: মোজাফফর ইউ. সিদ্দীক।

প্রদর্শনী অনুষ্ঠানে ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের ১২২তম ব্যাচের শিক্ষার্থীরা মোট ১৬টি থিম নিয়ে এ ‘উইন্ডো ডিসপ্লে’র আয়োজন করে।

ডিজাইন পরিদর্শন কালে প্রধান অতিথি ছাত্রদের ডিজাইন প্রদর্শনের উপর সন্তুষ্ট হয়ে তাদের উদ্দেশ্য করে বলেন, 'তোমাদের থিম গুলো সত্যিই চমককার ছিল। তবে সামনে আরো ভালো ভালো থিম নিয়ে এগিয়ে যেতে হবে এবং মান-সম্মত কাজ আমাদের উপহার দেবে।'

ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি বিভাগের সহকারী অধ্যাপক সনজিব বড়ুয়ার সভাপতিত্বে ডিজাইন প্রদর্শন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. সাঈদ মাসুদ হোসাইন ও প্রো ভিসি অধ্যাপক ড. ইন্জিনিয়ার আইয়ুব লবী খান। আরো উপস্থিত ছিলেন বিভাগের অন্যান্য শিক্ষক ও ছাত্ররা।

এ অনুষ্ঠানের মিডিয়া পার্টনার হিসেবে ছিলো- চ্যানেল নাইন এবং বিডিলাইভ টুয়েন্টিফোর.কম।

আজ বিকালে ‘উইন্ডো ডিসপ্লে’ শীর্ষক প্রদর্শন অনুষ্ঠানের সমাপ্তি হয়। আর এ সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. সাঈদ মাসুদ হোসাইন □